



জাতীয় নির্বাচনে এখনো কাউকে মনোনয়ন দেয়নি বিএনপি: রিজভী



সংগৃহীত ছবি

বিএনপির পক্ষ থেকে আসন্ন জাতীয় নির্বাচনে এখন পর্যন্ত কোনো প্রার্থীকে মনোনয়ন দেওয়া হয়নি বলে জানিয়েছেন দলটির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। তিনি বলেন, গণমাধ্যমে প্রচারিত বিভ্রান্তিকর তথ্য সঠিক নয়। গঠনতন্ত্র ও নীতিমালা অনুসারেই মনোনয়ন প্রদান করা হবে। আসন্ন জাতীয় নির্বাচনকে সামনে রেখে বিএনপির পক্ষ থেকে এখন পর্যন্ত কোনো প্রার্থীকে সবুজ সংকেত বা আনুষ্ঠানিক মনোনয়ন দেওয়া হয়নি। মঙ্গলবার (২৩ সেপ্টেম্বর) সকালে নয়াপল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে এ তথ্য জানান দলটির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী।

রিজভী বলেন, বিভিন্ন গণমাধ্যমে বিভ্রান্তিকর তথ্য ছড়ানো হচ্ছে। বিএনপি কাউকে অগ্রিম অনুমোদন দেয় না; বরং দলের গঠনতন্ত্র ও নীতিমালার আলোকে মনোনয়ন প্রদান করা হবে। তিনি আরও জানান, ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান মনোনয়ন প্রত্যাশীদের জনস্বাক্ষর হতে আহ্বান জানিয়েছেন। যেসব নেতা কর্মী দলীয় কার্যক্রমে সক্রিয় এবং জনগণের কল্যাণে কাজ করছেন, তারাই মনোনয়নের জন্য বিবেচিত হবেন।

এ সময় রিজভী অভিযোগ করে বলেন, সরকার নির্বাচনের সময় যত ঘনিষ্ঠে আসছে, একটি মহল ততই ষড়যন্ত্রে লিপ্ত হচ্ছে। পতিত ফ্যাসিবাদের সহায়তায় তারা রাজনৈতিক ফায়দা নেওয়ার চেষ্টা করছে।